

8/12/2013

বিধানসভা নির্বাচনের ফলাফল, ২০১৪-র লোকসভার পথে এক কদম

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

চার রাজ্যের বিধানসভা ভোটের ফলাফল প্রকাশিত হল আজ। বিজেপি এই ফলাফলে সন্তুষ্ট। মধ্যপ্রদেশ উন্নত প্রশাসনের নজির গড়েছে। এটা বিজেপির কাছে মডেল। শিবরাজ সিং চৌহানের নেতৃত্বে অনুন্নতর তকমা পাওয়া মধ্যপ্রদেশ উন্নতির লক্ষ্যে দৌড় শুরু করেছে। রাস্তাঘাট নির্মাণ থেকে বিভিন্ন সামাজিক উন্নয়ন প্রকল্প রূপায়ণ, সবকিছুতেই সফল সরকার। প্রতিষ্ঠানবিরোধী হাওয়া উপেক্ষা করেই এই রাজ্যে তিনটি সফল নির্বাচন করতে সমর্থ হল বিজেপি।

মধ্যপ্রদেশের যে অংশ কেটে ছত্তিশগড় হয়েছে সেখানে বিজেপি কখনই খুব শক্তিশালী ছিলনা। ধীরে ধীরে শক্তি বৃদ্ধি করেই এখানে তৃতীয়বার ক্ষমতায় এল বিজেপি। যদি মধ্যপ্রদেশ ও ছত্তিশগড় এই দুই রাজ্যে ২০১৮ সাল পর্যন্ত বিজেপি ক্ষমতায় থাকতে পারে কংগ্রেসের ক্ষমতা হারানোর ২০ বছর পূর্তি হবে।

রাজস্থানের জয় বিজেপির কাছে সবথেকে গুরুত্বপূর্ণ। বসুন্দরা রাজের নেতৃত্বের প্রতি পূর্ণ আস্থা আছে মানুষের। এই রাজ্যে প্রচারের পরেই বিজেপির প্রতি মানুষের আকর্ষণের কথা বলেছিলাম আমি। এহেন বড় রাজ্য বিজেপি যে সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে তা দলের কাছে রেকর্ড। শতকরা ৮২ শতাংশ আসনে জয়ী হয়েছি আমরা।

একক সংখ্যাগরিষ্ঠতা লাভ করে ম্যাজিক ফিগারের খুব কাছাকাছি পৌঁছেও দিল্লির ফলাফল অবশ্য আশানুরূপ হয়নি। আমরা যা আসন পেয়েছি তার থেকে আরও ৫ বা ৬ টা আসন বেশি পাব বলে আশা করেছিলাম আমরা। প্রথমবার নির্বাচনে সামিল হয়ে আমআদমি পার্টির যে ফলাফল তাতে তাদের অভিনন্দন জানাচ্ছি আমরা। আমআদমি পার্টি যেভাবে মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপন করেছে তা খুবই কাজে এসেছে। তবুও দীর্ঘকালে তাদের বৈরাগ্যধর্মী মতবাদ প্রচার মানুষের কাছে কতটা গ্রহণযোগ্য হয় তা দেখার। বিধানসভা নির্বাচনে এই জয়ের জন্য দলের সভাপতি রাজনাথ সিংকে আমার অভিনন্দন। ধন্যবাদ প্রাপ্য শ্রী নরেন্দ্র মোদীরও। সব রাজ্যের আনাচে কানাচে ঘুরে যিনি প্রচার চালিয়েছেন।

এই ফলাফলকে ধরেই আমরা লোকসভা ভোটের প্রচারে এগোবো। চার রাজ্যের এই বিধানসভা ক্ষেত্রে মোট ৭২টা সংসদীয় আসন। এরমধ্যে খুব কম আসনেই জয়ী হয়েছে কংগ্রেস। অঙ্কের হিসেবে এই বিধানসভা ক্ষেত্রের প্রায় ৬৫ টা সংসদীয় আসনেই জয়ী হয়েছে বিজেপি। আসন্ন লোকসভা নির্বাচনে মূলত কংগ্রেস ও বিজেপির মধ্যেই লড়াই হতে যাচ্ছে। এই ফল থেকে ভবিষ্যতের একটা ইঙ্গিত পাওয়া যাচ্ছে। বিধানসভায় আমাদের স্ট্রাইকরেট ৭০ শতাংশে থেমেছে। এটা নেহাত কম নয়।